**তিচিহ্ন**, **বিরামচিহ্ন** বা **ছেদচিহ্ন** হল সেইসব সাংকেতিক চিহ্ন যেগুলো লেখ্যমাধ্যমে ব্যবহার করে বাক্যের বিভিন্ন ভাব, যেমন: জিজ্ঞাসা, বিস্ময়, সমাপ্তি ইত্যাদি সার্থকভাবে প্রকাশের মাধ্যমে বাক্যের অর্থ সুস্পষ্ট করা হয়।[১] বাংলা ভাষায় ২০টির মতো যতিচিহ্ন রয়েছে। এদের মধ্যে বাক্যশেষে ব্যবহার্য যতিচিহ্ন ৪টি; বাক্যের ভিতরে ব্যবহার্য ১০টি এবং বাক্যের আগে পরে ব্যবহার্য ৬টি।[১]

# বাংলা ভাষায় ব্যবহৃত যতিচিহ্নসমূহ

| যতিচিহ্নের নাম | আকৃতি | বিরতি কাল |
|---|---|---|
| কমা বা পাদচ্ছেদ | , | ১ (এক) বলতে যে সময় প্রয়োজন। |
| সেমিকোলন | ; | ১ বলার দ্বিগুণ সময়। |
| দাঁড়ি বা পূর্ণচ্ছেদ | । | এক সেকেন্ড। |
| প্রশ্নবোধক চিহ্ন | ? | ঐ |
| বিস্ময় ও সম্বোধন চিহ্ন | ! | ঐ |
| কোলন | : | ঐ |
| ড্যাশ | — | ঐ |
| কোলন ড্যাশ | :- | ঐ |
| হাইফেন | - | থামার প্রয়োজন নেই। |

## কমা বা পাদচ্ছেদ (,)

- বাক্য পাঠকালে সুস্পষ্টতা বা অর্থ-বিভাগ দেখানোর জন্য যেখানে স্বল্প বিরতির প্রয়োজন, সেখানে কমা ব্যবহৃত হয়। যেমন— সুখ চাও, সুখ পাবে পরিশ্রমে।
- পরস্পর সম্পর্কযুক্ত একাধিক বিশেষ্য বা বিশেষণ পদ একসঙ্গে বসলে শেষ পদটি ছাড়া সবগুলোর পরই কমা বসবে। যেমন— সুখ, দুঃখ, আশা, নৈরাশ্য একই মালিকার পুষ্প।
- সম্বোধনের পর কমা বসবে। যেমন— রশিদ, এদিকে এসো।
- বাক্যের অর্থ স্পষ্ট করার জন্য কমা বসে। যেমন: তুমি যাবে, না যাবে না? সুখ চাও, সুখ পাবে পরিশ্রমে।
- জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খন্ডবাক্যের পর কমা বসে। যেমন: কাল যে লোকটি এসেছিল,সে আমার পূর্বপরিচিত।
- উদ্ধরণ চিহ্নের পূর্বে কমা বসবে। যেমন: সাহেব বললেন, “ছুটি পাবেন না।”
- মাসের তারিখ লিখতে বার ও মাসের পর কমা বসবে। যেমন— ১৬ই পৌষ, বুধবার, ১৩৯৯ বঙ্গাব্দ।
- বাড়ি বা রাস্তার নম্বরের পর কমা বসে। যেমন: ৬৮, নবাবপুর রোড, ঢাকা-১০০০।
- নামের পরে ডিগ্রিসূচক পরিচয় সংযোজিত হলে সেগুলোর প্রত্যেকটির পরে কমা বসে। যেমন: ডক্টর মুহাম্মদ এনামুল হক, এম. এ

## কোলন ড্যাশ (:-)[সম্পাদনা]

উদাহরণ বোঝাতে আগে কোলন ড্যাস ব্যবহৃত হত। বর্তমানে উদাহরণ বোঝাতে শুধু কোলন বহুল ব্যবহৃত।

## হাইফেন বা সংযোগ চিহ্ন (-)[সম্পাদনা]

সমাসবদ্ধ পদগুলোকে আলাদা করে দেখানোর জন্য হাইফেন (-) ব্যবহৃত হয়।

## ইলেক বা লোপচিহ্ন (')[সম্পাদনা]

কোনো বিলুপ্ত বর্ণের পরিবর্তে লোপ চিহ্ন বসে।

## একক উদ্ধরণ বা উদ্ধৃতি চিহ্ন (' ')[সম্পাদনা]

বক্তার প্রত্যক্ষ উক্তিকে এই চিহ্নের অর্ন্তভুক্ত করতে হয়।[১]

## যুগল উদ্ধরণ বা উদ্ধৃতি চিহ্ন (" ")[সম্পাদনা]

যদি উদ্ধৃতির ভেতরে আরেকটি উদ্ধৃতি থাকে তখন প্রথমটির ক্ষেত্রে দুই উদ্ধৃতি চিহ্ন এবং ভেতরের উদ্ধৃতির জন্য এক উদ্ধৃতি চিহ্ন হবে।[১] এছাড়াও প্রবন্ধ, গল্প ও কবিতার নামের ক্ষেত্রেও যুগল উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করা হয়।

## বন্ধনী চিহ্ন[সম্পাদনা]